বিজেপিকে কি হিন্দু ধর্মের ঠেকা নিয়ে রেখেছে নাকি : অখিল গিরি

নিজস্ব সংবাদদাতা, রামনগর: নরেন্দ্র মোদী, অমিত শাহরাই একমাত্র হিন্দু। আর আমরা সব বানের জলে ভেসে আসা। বৃহস্পতিবার রামনগরের মৈতনায় অন্ন মহোৎসবের সূচনা করে বলেন এলাকার বিধায়ক অখিল গিরি। বিধায়ক বলেন ওরা চাইছে ধর্ম, জাতি, অঞ্চলের ভিত্তিতে দেশটা ভাগ করতে। আর রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রকৃত হিন্দুর মতো পরধর্ম সহিষ্ণুতার কথা বলায় ওদের চক্রান্ত ভেস্তে যাবে বুঝে তৃণমূলকে নানাভাবে কুলষিত করার ষড়যন্ত্র করেছে নরেন্দ্র মোদী-অমিত শাহরা।

অখিল গিরি বলেন, আর যাই হোক ওদের কাছ থেকে আমাদের নিজ ধর্ম সম্পর্কে জ্ঞান নিতে হবে না। কারণ ওরাই একমাত্র হিন্দু ধর্মের ঠেকা নিয়ে বসে নেই। মৈতনা অঞ্চলের খিদিরপুরে গ্রামবাসীর উদ্যোগে অনুষ্ঠিত এই মহোৎসবে বিধায়ক ছাড়াও সত্যরঞ্জন জানা, দিলীপ জানা প্রমুখ পঞ্চায়েত স্তরের জন প্রতিনিধি ও তৃণমূল নেতৃত্বরা উপস্থিত ছিলেন। বিকালে হলদিয়া-২ পঞ্চায়েতের সালিকপুরে সানারীজ ক্লাবের বার্ষিক পুরষ্কার বিতরণী অনুষ্ঠান থেকেও এলাকায় সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার আহ্বান জানান রামনগরের বিধায়ক অখিল গিরি। অন্যান্যদের মধ্যে ছিলেন পঞ্চায়েত সমিতির সদস্য আনন্দ চৌধুরী, শিশির সাউ, গোপাল জানা, ভগবতী জানা প্রমুখ।

অখিল গিরি বলেন, রাম-বামেরা মিলে এলাকায় এলাকায় নানাভাবে ধর্মের নামে বিষাক্ত বিষ ছড়িয়ে অশান্তি ফেলার চেষ্টা করছে। এদের প্ররোচনায় পা দেবেন না। আমাদের নেত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সহ তৃণমূলের ছোট-বড় সকল নেতৃত্বে বিশ্বাস করি মানুষ তার নিজ নিজ জন্মগত ধর্ম পালন নিজের খুশি মতো করবেন। আমাদের সেই নিয়ে কিছু বলার নেই। আমরা রাজনীতি করি উন্নয়নের নিরীখে। তাই প্রত্যেকে প্রত্যেকের ধর্মের প্রতি সম্মান জ্ঞাপন করুন। বিধায়ক বলেন, এলাকার তথা রাজ্যের উন্নয়নে সকলকে কাঁধে কাঁধ মিলিয়ে সামিল হতে হবে।

নদিয়ার হাঁসখালি ব্লকে তৃণমূল কংগ্রেসের সভাপতি ও পঞ্চায়েত প্রধান খুনের প্রতিবাদে এবং সিবিআইকে ব্যবহার করে বিজেপির রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করার প্রতিবাদে চন্দ্রকোনা রোডে তৃণমূল কংগ্রেসের বিক্ষোভ মিছিল। -নিজস্ব চিত্র

ছাত্রভর্তি অটোতে লরির ধাক্কা, মৃত ২ ও আহত ১০

নিজস্ব সংবাদদাতা, শালবনি: এক মর্মান্তিক পথ দুর্ঘটনায় পশ্চিম মেদিনীপুর জেলার ভাদুতলাতে মৃত্যু হল ২ জনের। গুরুতর আহত আরও ১০ জন ছাত্র-ছাত্রী। সকাল ১০.৩০ মিনিট নাগাদ ভাদুতলাতে ৬০ নং জাতীয় সড়কে ছাত্র-ছাত্রী বোঝাই একটি অটোতে ধাক্কা মারে নিয়ন্ত্রণ হারিয়ে উল্টো দিকে থেকে আসা একটি লরি। ঘটনাস্থলেই মৃত্যু হয় দুইজনের। গুরুতর আহত আরও ১০ ছাত্র-ছাত্রী। এরা প্রত্যেকেই ভাদুতলা বিবেকানন্দ বিদ্যাপীঠের ছাত্র-ছাত্রী। আহতরা ভর্তি মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে। ঘটনার পর ৬০ নং জাতীয় সড়ক অবরোধ করে রাখে উত্তেজিত এলাকাবাসীরা। পুলিশ পৌছালে পুলিশের গাড়িতেও চড়াও হয় এলাকাবাসীরা। ঘটনার পর এখনো থমথমে গোটা এলাকা। এলাকায় পৌছায় বিশাল পুলিশ বাহিনী।

আজ পথ দুর্ঘটনা ঘিরে ধুন্দুমার বাঁধে শালবনির ভাদুতলায়। রাস্তায় ফেলে বেধড়ক মারা শালবনির আই সি বিশ্বজিৎ সাহাকে। এর আগে আজ একটি লরি ছাত্রভর্তি একটি অটোকে ধাক্কা মারে। মারা যায়া দুই ছাত্র। আহত হয় ১০ জন। এরপরেই মুহূর্তের মধ্যে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। শুরু হয় পথ অবরোধ।

পথ দুর্ঘটনার পর ১১টা নাগাদ শালবনির আইসি বিশ্বজিৎ সাহা এলাকায় যান। ক্ষুব্ধ স্থানীয় বাসিন্দারা ঘিরে ধরেন তাকে। শুরু হয় বচসা। তারপর আচমকাই জনতা আক্রমণ করে আইসিকে। তাকে ঠেলে ফেলে দেওয়া হয় রাস্তায়। মারা হয় লাথি। প্রাণ বাঁচাতে কোনও মেত উঠে দৌড়ে পালাতে থাকেন বিশ্বজিৎ সাহ। পিছনে তাড়া করে কয়েকজন। ক্ষুব্ধ জনতা পুলিশের গাড়ি ভাঙচুর করে। পুলিশকে মারধর করা হয় বলেও অভিযোগ। যার ফলে ৪ পুলিশকর্মী আহত হন।

ঘটনাস্থলে শালবনি পঞ্চায়েত সমিতির সভাপতি যান। তার গাড়িতেও ভাঙচুর চালানো হয়। এলাকায় উত্তেজনা রয়েছে। বর্তমানে আইসি বিশ্বজিৎ সাহা মেদিনীপুর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়েছে।

দাউদপুরে বিজেপি কর্মীকে মারধরের অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, দাউদপুর: পূর্ব মেদিনীপুর জেলার কাঁথি-১ ব্লকের দাউদপুরে এক বিজেপি কর্মীকে মারধরের অভিযোগ উঠল তৃণমূলের বিরুদ্ধে। যদিও তাদের বিরুদ্ধে ওঠা অভিযোগ মিথ্যা বলে দাবি করেছে তৃণমূল।

দক্ষিণ কাঁথি বিধানসভা উপ নির্বাচনের বিজেপি প্রার্থী সৌরীন্দ্র মোহন জানা অভিযোগ করেছেন নির্বাচনের সময় থেকেই তাদের কর্মী সমর্থকদের উপর হামলা চালাচ্ছে তৃণমূল। অভিযোগ করেছেন একই কারণে এদিন বুদ্ধদেব মাইতি নামের এক বিজেপিকে মারধর করেছে তৃণমূল। জানিয়েছেন গুরুতর আহত এই কর্মীকে প্রথমে কাঁথি মহকুমা হাসপাতালে ও পরে অবস্থার অবনতি হওয়ায় চিকিৎসার জন্য কলকাতা নিয়ে যেতে হয়েছে।

যদিও সন্ধ্যা অবধি এই ঘটনা থানায় কোনও অভিযোগ দায়ের হয়নি বলে জানান সৌরীন্দ্র মোহন জানা। তৃণমূল ঘটনার সঙ্গে তাদের কোনও কর্মী-সমর্থক জড়িত নয় বলে দাবি করেছে। দলের তরফে দাবি করা হয়েছে নিজেদের দলীয় কোন্দল ডাকতে তৃণমূলের নাম জড়াচ্ছে বিজেপি।

গোয়ালতোড়ে হরিণের মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, গড়বেতা: ফের হরিণের মৃত্যু হল গোয়ালতোড়ে। এবার দুর্ঘটনায়। বন দফতর সূত্রে জানা গেছে, গোয়ালতোড়ের কেওয়াকোলে কেন্দ্রীয় বাহিনীর ক্যাম্পের সামনে বৃহস্পতিবার সকাল ১০টা নাগাদ মোটর বাইকের ধাক্কায় একটি হরিণের মৃত্যু হয়। বাইক উল্টে আহত হয়েছেন বাইক আরোহী। হরিণটিকে ময়নাতদন্তের জন্য বন দফতরে আনা হয়েছে। জানা গেছে, গত একমাসে তিনটি হরিণের মৃত্যু হল গোয়ালতোড়ে। বন দফতরের পক্ষ থেকে প্রায় ১৫০টি হরিণ গত বছর গোয়ালতোড়ের কেওয়াকোল সংলগ্ন জঙ্গলে ছাড়া হয়েছিল। রাস্তার দু'পাশে জঙ্গল হওয়ায় হরিণগুলি মাঝে মধ্যেই রাস্তা পারাপার করতে যানবাহনের সামনে পড়ে দুর্ঘটনাগ্রস্ত হয়। একমাস আগে জল খেতে গিয়ে লরির ধাক্কায় প্রাণ হারিয়েছিল একটি হরিণ। কয়েকদিন আগে কোনও বন্য জন্তুর আক্রমণে মৃত্যু হয়েছিল একটি হরিণের। এবার বাইক দুর্ঘটনায় প্রাণ গেল আর একটি হরিণের। পর পর হরিণের মৃত্যু হওয়ায় বন দফতরের গোয়ালতোড় রেঞ্জ উদ্বেগ প্রকাশ করেছে।

হিন্দুদের শোভাযাত্রায় হয়রানি, প্রতিবাদে স্মারকলিপি পেশ

নিজস্ব সংবাদদাতা, তমলুক: রাজ্যের সর্বত্র হিন্দুদের শোভাযাত্রার উপরে বিনা কারণে লাঠিচার্জ, পুলিশি হয়রানি, জামিন অযোগ্য ধারায় মামলার বিরুদ্ধে, সচেতন নাগরিক মঞ্চের পক্ষ থেকে গতকাল ২০ এপ্রিল তমলুকে পূর্ব মেদিনীপুর জেলা শাসকের কাছে গণ ডেপুটেশন দেওয়া হয়। জেলার বিভিন্ন প্রান্ত থেকে প্রায় পাঁচশত সচেতন হিন্দু নাগরিক গেরুয়া পতাকাসহ হরিনাম সহকারে তমলুকের হসপিটাল মোড়ে উপস্থিত হয়ে বিভিন্ন রাস্তা পরিক্রমা করে জেলা শাসকের দফতরের সামনে স্মারকলিপি দেওয়ার জন্য উপস্থিত হন। সচেতন নাগরিক মঞ্চের পক্ষ থেকে ডাঃ হরেকৃষ্ণ বেরা, সুধাংশু শেখর সামন্ত মহাশয় মাননীয়া জেলা শাসকের কাছে স্মারকলিপি জমা দেন। জেলা শাসকের দফতরেরসামনে উপস্থিত নাগরিকদের সামনে বিভিন্ন বক্তা বক্তব্য রাখেন এবং পরিশেষে সচেতন নাগরিক মঞ্চের পক্ষ থেকে ডাঃ হরেকৃষ্ণ বেলা মহাশয় স্মারকলিপির বিষয়ে বক্তব্য রেখে কার্যক্রম সমাপ্ত করেন।

ডেবরা ব্লক তৃণমূল কংগ্রেসের প্রতিবাদ মিছিল

নিজস্ব সংবাদদাতা, ডেবরা: রাজ্য জুড়ে বিজেপির ধর্মের নামে অশান্তি ছড়ানোর অভিযোগে আজ পশ্চিম মেদিনীপুর জেলার ডেবরাতে প্রতিবাদ মিছিলের আয়োজন করে ডেবরা ব্লক তৃণমূল কমিটি। ডেবরার মাড়তলা থেকে বের হয়ে এই মিছিল গোটা এলাকা পরিদর্শন করার পাশাপাশি মাড়তলা এলাকায় একটি পথসভারও আয়োজন করে। যেখানে হাজির হয়েছিলেন জেলা সভাপতি অজিত মাইতি, যুব সভাপতি রমা গিরি প্রমুখ। এদিনের এই সভা থেকে পুরীর জগন্নাথ মন্দিরে ঢুকতে বাধা দেওয়ার ঘটনার জন্য বিজেপিকেই দায়ি করেন জেলা সভাপতি অজিত মাইতি। পাশাপাশি এও জানান পুরীতে মুখ্যমন্ত্রীর পুজো দেওয়ার সময় উৎসাহী জনতার ভিড় জানান দেয় কতটা জনপ্রিয় মুখ্যমন্ত্রী। আর তাই কেন্দ্র হিংসে করে মমতাকে হেনস্থা করছে।

প্রতারিত হয়েও জেলে চাকরি প্রার্থী যুবক

নিজস্ব সংবাদদাতা, খেজুরী: চাকরি পাওয়ার নামে প্রতারণার শিকার হয়েও জেলে প্রতারিত যুবক। আর প্রতারণার পরেও বহাল তবিয়তে ঘুরে বেড়াচ্ছে প্রতারক। ঘটনাটা জানাজানি হতেই চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। পূর্ব মেদিনীপুর জেলার খেজুরীর সিঙ্গুরদাঁড়ি এলাকার বাসিন্দা প্রতারিত যুবক স্বরূপ খাটুয়া। যুবকের অভিযোগ বেকার অবস্থায় সরকারি চাকরির জন্যে ঘোরার সময়েই পরিচয় হয় কলাগেছিয়া পোস্ট অফিসের এক পিওন দেবু দাসের সঙ্গে। স্বরূপ খাটুয়ার অভিযোগ কলাগেছিয়া পোস্ট অফিসের পিওন দেবু দাস আশ্বাস দেন তাকে যে ৫ লক্ষ টাকা ঘুষের ব্যবস্থা করলে তিনি রেলে চাকুরি পাইয়ে দেবার ব্যবস্থা করবেন। প্রতারিত যুবকের অভিযোগ সেই শর্ত অনুযায়ী গত ২০১২ সালে এই পিওনের হাতে ৫ লক্ষ টাকা তুলে দেয়। কিছুদিন পরে বর্ধমানের আসানসোল রেল স্টেশনে কাজে যোগ দেবার জন্য রেলের একটা নিয়োগপত্র যুবকের হাতে তুলে দেয় অভিযুক্ত পিওন। জানা গেছে, সেই নিয়োগপত্র নিয়ে আসানসোল কাজে যোগ দিতে যায় স্বরূপ খাটুয়া। কিন্তু এই নিয়োগ পত্রটি জাল বলে দাবি করে রেল।

আরও জানা গেছে, আসানসোলে রেল স্টেশন কর্তৃপক্ষ তাঁর বিরুদ্ধে জালিয়াতির অভিযোগ এনে তাকে পুলিশের হাতে তুলে দেবার উদ্যোগ নিচ্ছে ব্যবস্থা করলে তিনি রেলে চাকুরি পাইয়ে দেবার ব্যবস্থা করবেন। আসে এই প্রতারিত যুবক। তবে স্বরূপ খাটুয়া পালিয়ে এলেও আসানসোল রেল তার বিরুদ্ধে রেলের প্যাড-স্ট্যাম্প জাল করে প্রতারণার অভিযোগ দায়ের করে। সেই মামলায় বুধবার খেজুরীর সিঙ্গুরদাঁড়ি থেকে স্বরূপ মন্ডলকে গ্রেফতার করে পুলিশ। অপরদিকে প্রতারক কলাগেছোয়া পোস্ট অফিসের পিওন দেবু দাসের দাবি এমন কোনও ঘটনার সঙ্গে তিনি যুক্ত নন। পরিকল্পিতভাবে তার নামে মিথ্যা অপ প্রচার চালানো হচ্ছে। বৃত প্রতারিত যুবক স্বরূপ খাটুয়াকে বৃহস্পতিবার কাঁথি মহকুমা আদালতে হাজির কার হয়। বিচারক জামিনের আবেদন খারিজ করে দিয়ে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন।

পুরনো বিবাদের জেরে সংঘর্ষ, নিখোঁজ ১ গ্রামবাসী

নিজস্ব সংবাদদাতা,ভগবানপুর : ভগবানপুর থানার মোবারকপুর গ্রামের এক বাসিন্দাকে মারধর করে অপহরণের অভিযোগ উঠল মহম্মদপুর এলাকার এক গোষ্ঠীর বিরুদ্ধে। বৃহস্পতিবার বিকেল থেকে হঠাৎ করে বোমাবাজি ও গোষ্ঠী সংঘর্ষে উত্তপ্ত হয়ে ওঠে ভগবানপুরের গোয়ালপুকুর বাজার এলাকা। মোবারকপুর গ্রামে বাসিন্দা ও মহম্মদপুর গ্রামের বাসিন্দাদের মধ্যে পুরনো বিবাদ থেকে এই সংঘর্ষ বলে স্থানীয় সূত্রে জানা গেছে। সংঘর্ষের পর থেকে মোবারকপুর গ্রামের বাসিন্দা জগন্নাথ দোলই (৩০)-কে খুঁজে পাওয়া যাচ্ছে না বলে গ্রামবাসীদের তরফে ভগবানপুর থানার পুলিশের কাছে অভিযোগ জানানো হয়েছে। মোবারকপুর গ্রামের বাসিন্দারা জানিয়েছেন জগন্নাথ দোলইকে তুলে নিয়ে গেছে মহম্মদপুরের ওই গোষ্ঠী। অপহৃত জগন্নাথের খোঁজে মহম্মদপুর গ্রামে এই মুহূর্তে অভিযান চালাচ্ছে পুলিশ।

ড্রিপ ইরিগেশান ও পলি মালচিন পদ্ধতি ব্যবহার করে টমেটো চাষে চমক দিলেন পাঁশকুড়ার মুকুল হুতাইত

নিজস্ব সংবাদদাতা, পাঁশকুড়া: ড্রিপ ও ইরিগেশান ও পলি মালচিন পদ্ধতিতে টমেটো ফলিয়ে চমকে দিলেন পাঁশকুড়ার সবজী চাষী মুকুল হুতাইত। কৃষি দফতরের উৎসাহ উদ্দীপনায় নতুন পদ্ধতিতে চাষের পর মুকুল বাবুর ক্ষেতে ফলন দেখে এবার স্থানীয় বহু সবজী চাষী এই দুই পদ্ধতি ব্যবহার করার উদ্যোগ নিয়েছেন বলেও জানা গেছে। চাষের কাজে জলের অপচয় কমাতে এবং পরিবেশ দূষণ রোধে চাষের কাজে যাতে মাত্রাতিরিক্ত সার ব্যবহার না করা হয় তার জন্য চাষিদের পলি মালচিন পদ্ধতি ব্যবহারেও উৎসাহী করছে কৃষি দফতর।

কৃষি দফতরের উৎসাহে এই দুই উন্নত প্রযুক্তি ব্যবহার করেই মুখে হাসি ফুটেছে পূর্ব মেদিনীপুর জেলার পাঁশকুড়ার টমেটো চাষি মুকুল হুতাইতের। পূর্ব মেদিনীপুর জেলার পাঁশকুড়া ব্লকের হাউর পঞ্চায়েতের এড়াপুর গ্রামের বাসিন্দা মুকুল হুতাইত। মধ্যবয়স্ক এই সবজী চাষি জানিয়েছেন, চাষের কাজে দিনকে দিন জলের সংকট তৈরি হওয়ায় সমস্যায় পড়ছিলাম। তার সঙ্গে জমিতে আগাছা ও বিভিন্ন পোকা ও রোগের প্রকোপ বাড়ায় চাষের খরচ বাড়ছিল লাফিয়ে লাফিয়ে। মুকুল বাবু জানিয়েছেন, এর ফলে লাভের থেকে লোকসানের মুখ দেখতে হচ্ছিল বছর বছর। মুকুল বাবু জানিয়েছেন, এর পরেই পাঁশকুড়া ব্লক কৃষি দফতরের সঙ্গে কথা বলার পরেই সমস্যা সমাধানে সংশ্লিষ্ট দফতরের আধিকারীকেরা ড্রিপ ও ইরিগেশান ও পলি মালচিন পদ্ধতিতে চাষের জন্য উৎসাহী করেন। কৃষি দফতর সূত্রে জানা গেছে, জলের অপচয় কমাতে পাইপ লাইনের মাধ্যমে গাছের গোড়ায় গোড়ায় জল পৌঁছে দেওয়ার পদ্ধতিকেই বলা হয় ড্রিপ ও ইরিগেশান সিস্টেম। দফতরের আধিকারিকেরা জানিয়েছেন, এই পদ্ধতি ব্যবহারের ফলে চাষের জন্য বাড়তি জল খরচ হয় না। রোগ করা যায় অপচয়। এর পাশাপাশি জমির সমস্ত গাছের গোড়া থেকে বিশেষ ধরণের পলিথিন দিয়ে মুড়ে দেওয়াকেই বলা হয় পলি মালচিন। কৃষি দফতর সূত্রে জানা গেছে, পলিথিন দিয়ে মোড়া থাকায় গোড়ায় নিচ আগাছা জন্মাতে পারছেনা।

আর আগাছা না জন্মানোয় পোকার আক্রমণ কম হয়। রোগের প্রকোপ কমে। ফলে চাষে সার ব্যবহার কমে। এড়াপুরের অধিবাসী টমেটো চাষি মুকুল হুতাইত জানিয়েছেন প্রথমে একটু সংশয় ছিল। ভেবেছিলাম অনেক খরচ হবে। কিন্তু এই পদ্ধতিতে নিজের এক বিঘা জমিতে টমেটো চাষ করে দেখলাম খরচ অনেক কম। প্রথমে বাড়তি টাকা খরচ হলেও বাকি সময়টা খরচ অনেক কমে যায়। জানিয়েছেন জলের সঙ্গে মিশিয়ে গাছের প্রয়োজনীয় সার ও ওষুধ সম পরিমাণ সব গাছে পৌঁছে দেওয়ায় ফলনের মাত্রায় কোনও হরফের নেই। এক্সসঙ্গে জল, সার ও ওষুধের অপচয় অনেক কম।

তৃণমূল পঞ্চায়েত সদস্যার মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, এগরা : এগরা ১ নং ব্লকের পাঁচরোল গ্রাম পঞ্চায়েতের পাঁচরোল দক্ষিণ বুথের তৃণমূলের গ্রাম পঞ্চায়েত সদস্যা সুলেখা পাত্র নিজের বাড়ি থেকে চিকিৎসাকেন্দ্রে নিয়ে যাওয়ার পথে তাঁর মৃত্যু হয়। দীর্ঘদিন অসুখে ভুগছিলেন। তাঁর উচ্চচাপজনিত সমস্যা ছিল। মৃত্যুকালীন তাঁর বয়স ছিল ৪৪। তাঁর এক ছেলে রয়েছে। কলেজে পড়াশোনা করে। তাঁর এই মৃত্যুকে কেন্দ্র করে পাঁচরোল এলাকায় নেমে এসেছে শোকের ছায়া। এইদিন পাঁচরোল গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে তার মৃতদেহ নিয়ে আসা হয়। পাঁচরোল গ্রাম পঞ্চায়েতের পক্ষ থেকে প্রধান আবদুল গফফর কাজি, অঞ্চল সভাপতি অশোক দাস, যুব সভাপতি চন্দন রায়, আইএনটিইউসি'র সভাপতি গৌরীশঙ্কর বারিক, জেলা পারিষদ সদস্য ও তৃণমূলের কর্মী-সমর্থকেরা এবং গ্রাম পঞ্চায়েতের আধিকারিকরা গভীর শোক প্রকাশ করেন এবং তাঁর আত্মার শান্তি কামনা করেন।

দুই মেদিনীপুর সহ ৮ জেলায় প্রাকৃতিক দুর্যোগের সম্ভাবনা

নিজস্ব সংবাদদাতা, তমলুক: পূর্ব মেদিনীপুর ও পশ্চিম মেদিনীপুর জেলা সহ রাজ্যের ১০টি জেলায় আগামী ২৪ ঘন্টার মধ্যে প্রবল প্রাকৃতিক বিপর্যয়ের সম্ভাবনা তৈরি হওয়ায় প্রাকৃতিক বিপর্যয় দফতরকে পরিস্থিতির দিকে কড়া নজর রাখার নির্দেশ দিল রাজ্য প্রশাসন। নির্দেশ আসার পরেই নড়চড়ে বসে পূর্ব মেদিনীপুর জেলা প্রশাসন। পূর্ব মেদিনীপুরের জেলা শাসক ডঃ রশ্মি কমল জানিয়েছেন, জেলার চার মহকুমা ও ২৫টি ব্লক প্রশাসনকে এই বিষয়ে কড়া নজরদারি চালানোর নির্দেশ দেওয়া হয়েছে। কাঁথি মহকুমা শাসক রীনা নিরঞ্জন জানিয়েছেন মহকুমার সমুদ্র তীরবর্তী এলাকার সমস্ত ব্লক, পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিকে পরিস্থিতির উপর নজর রাখতে বলা হয়েছে। অপরদিকে দিঘা শঙ্করপুর উন্নয়ন পর্ষদের তরফে পর্যটকদের সমুদ্রে না নামার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। ক্ষুদ্র মৎস্যজীবীদের সমুদ্র নামতেও নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

প্রসঙ্গত আবহাওয়া দফতর সূত্রে রাজ্য প্রশাসন জানতে পেরেছে পূর্ব ও পশ্চিম মেদিনীপুরের পাশাপাশি ঝাড়া হাওয়া ও বিদ্যুৎ সহ বৃষ্টি হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে পুরুলিয়া, বর্ধমান, বাঁকুড়া, বর্ধমান, বীরভূম, হাওড়া, হুগলি, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণার বিস্তুর্ণ এলাকা জুড়ে।